



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জুনে অতিরিক্ত খাদ্য সহায়তা হিসেবে 234 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

সকল SNAP গৃহস্থালি এই মাসে সর্বোচ্চ মাত্রার খাদ্য ভাতা পাবে

সম্পূরক খাদ্য ভাতা প্রায় 2.8 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে খাদ্য অনিরাপত্তা এড়াতে সাহায্য করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) নিবন্ধিত সকল নিউ ইয়র্কবাসী জুন মাসে সর্বোচ্চ অনুমেয় পর্যায়ের খাদ্য সুবিধা পাবে। ইতিমধ্যে সর্বোচ্চ পর্যায়ের ভাতা পাচ্ছে এমন গৃহস্থালিসহ SNAP-এ অংশগ্রহণকারী সকল গৃহস্থালি এই মাসে এই সম্পূরক বরাদ্দ পাবে, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে প্রায় 234 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল যুক্ত হবে।

"অনেক বেশি গৃহস্থালি খাদ্য অনিরাপত্তার সাথে লড়াই করে যাচ্ছে, এবং অনেক ক্ষেত্রে এই সংগ্রামগুলি কোভিড-19 মহামারীর ফলে সৃষ্ট অর্থনৈতিক চাপের সরাসরি ফল," **গভর্নর হোকল বলেন।** "যখন আমরা আমাদের স্টেটের অর্থনীতি আরো ভালোভাবে পুনর্গঠন করে যাচ্ছি, তখন এই সর্বোচ্চ খাদ্য ভাতা নিউ ইয়র্কবাসীদের ঘরে খাবার পৌঁছে দিতে সাহায্য করবে, এবং একইসাথে স্থানীয় খুচরা বিক্রেতা এবং সম্পর্কিত ব্যবসাসমূহের জন্য একটি স্বাগত মূলধনের সংযোজন নিয়ে আসবে।"

জরুরি সহায়তা সম্পূরকটি সকল গৃহস্থালিকে প্রদান করা হচ্ছে, এমনকি তাদেরও যারা সাধারণভাবেই প্রতিমাসে SNAP থেকে সর্বোচ্চ অনুমেয় ভাতা পেয়ে থাকে, SNAP একটি ফেডারেলভাবে অর্থায়িত কর্মসূচি যা স্টেটের টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) দ্বারা পরিচালিত হয়। যেসকল গৃহস্থালি ইতিমধ্যে সর্বোচ্চ পর্যায়ের বা কাছাকাছি পর্যায়ের ভাতা পাচ্ছে, যা হলো চারজনের গৃহস্থালির জন্য 835 মার্কিন ডলার, তারা কমপক্ষে 95 মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের সকল কাউন্টির SNAP পরিবারগুলি আজকে থেকে 17 জুন, শুক্রবারের মধ্যে এই অতিরিক্ত ভাতা পাবে। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP গৃহস্থালিগুলি 17 জুন, শুক্রবার থেকে 30 জুন, বৃহস্পতিবারের মধ্যে তাদের ভাতা পেয়ে যাবে।

নিউ ইয়র্কবাসীর চলমান অর্থনৈতিক পুনরুদ্ধারে SNAP একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এটি জানুয়ারি থেকে স্টেটের অর্থনীতিতে 1 বিলিয়ন মার্কিন ডলার যোগ করেছে। মার্কিন অর্থনীতিতে SNAP-র প্রভাবে সংখ্যায় প্রকাশ করার জন্য করা একটি [ফেডারেল গবেষণা](#) অনুযায়ী, SNAP-এ বিনিয়োগ করা প্রতি ফেডারেল ডলার 1.54 মার্কিন ডলারের অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে।

এছাড়াও এই ভাতাগুলি অভাবে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইনের মতো, কারণ [একটি সাম্প্রতিক গবেষণা](#) অনুযায়ী গত বছর স্টেটের জনসংখ্যার প্রায় 14 শতাংশ SNAP ভাতার উপর নির্ভর করেছে। অর্ধেকের বেশি প্রাপক গৃহস্থালিগুলি ছিল শিশুসহ পরিবার এবং প্রায় 48 শতাংশে 55 বছরের বেশি বয়সী বা প্রতিবন্ধী কেউ অন্তর্ভুক্ত ছিলো।

যেসকল SNAP গৃহস্থালি সর্বোচ্চ মাসিক ভাতার পরিমাণের কম পাচ্ছে, তাদের জন্য 2020 সালের এপ্রিল মাসে OTDA জরুরি সম্পূরক ভাতা প্রদান করা শুরু করে। যখন 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি ঘোষণার মেয়াদ শেষ হয়ে যায়, তখন এজেন্সি সফলভাবে ফেডারেল সরকারের সাথে কাজ করে ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত সকল SNAP গৃহস্থালির জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করে, যা এখন অক্টোবর পর্যন্ত বিস্তৃত হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

নিউ ইয়র্কবাসীরা এই বসন্তেও ব্যাপকভাবে SNAP-র উপর নির্ভরশীল ছিলো, এবং এপ্রিল মাসে পুরো স্টেট থেকে 1.6 মিলিয়নের বেশি গৃহস্থালি এবং 2.8 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী কর্মসূচীতে যোগ দিয়েছে।

পর পর চার মাস বৃদ্ধি পাওয়ার পর, নিউ ইয়র্ক সিটি এপ্রিল মাসে SNAP প্রাপকদের সংখ্যায় সামান্য পতন দেখেছে। এপ্রিল মাসে পাঁচটি বরো এলাকায় প্রায় 1.7 মিলিয়ন মানুষ SNAP গৃহস্থালির অংশ ছিলো।

বিপরীতে, নিউ ইয়র্ক সিটির বাইরের এলাকাগুলিতে 2021 সালের আগস্ট মাসের পর থেকে SNAP প্রাপকের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। এপ্রিল মাসে, পাঁচ কাউন্টি মেট্রোপলিটন এলাকাসমূহের বাইরে বসবাসরত প্রায় 1.1 মিলিয়ন মানুষ একটি SNAP গৃহস্থালির অংশ ছিলো।

টেম্পোরারি এবং ডিজ্যাভিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন, "সর্বোচ্চ খাদ্য ভাতা মহামারী চলাকালীন পুরো সময়ে নিউ ইয়র্কবাসীদেরকে খাদ্য অনিরাপত্তার এড়াতে সাহায্য করার ক্ষেত্রে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, এবং আজকে যখন আমাদের অর্থনীতি জোড়া লাগছে, তখনও এটি সত্য। যখন আমরা একত্রে এই জনস্বাস্থ্য সঙ্কট থেকে সেরে উঠছি, তখন অতিরিক্ত এই ভাতাগুলি পুরো স্টেটের ব্যক্তি ও

পরিবারগুলিকে প্রতি মাসে স্বাস্থ্যকর, পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা করার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান প্রদান করছে।"

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। SNAP সুবিধার কোনো অংশ অব্যবহৃত থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসের পরিমাণের সাথে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূর্ণক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য [এখানে](#) পাবেন। নিবন্ধন করতে ইচ্ছুক নিউ ইয়র্কবাসীরা mybenefits.ny.gov ওয়েবসাইটে গিয়ে SNAP-এর জন্য তাদের উপযুক্ততা যাচাই করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418